

বাংলাদেশ সুপ্রীম কোর্ট  
হাইকোর্ট বিভাগ  
www.supremecourt.gov.bd

নং ১ই-১৮/২০২৩-৬৪৬১

জি, এস

তারিখঃ ৫ শ্রাবণ, ১৪৩০ বঙ্গাব্দ  
২০ জুলাই, ২০২৩ খ্রিষ্টাব্দ

‘প্রটোকল অফিসার’ পদে নিয়োগ পরীক্ষা, ২০২৩

প্রিলিমিনারি পরীক্ষার বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ‘প্রটোকল অফিসার’ পদে নিয়োগ পরীক্ষা, ২০২৩ এর প্রিলিমিনারি পরীক্ষা আগামী ০৫.০৮.২০২৩ খ্রি. তারিখ শনিবার ঢাকাস্থ নিম্নবর্ণিত কেন্দ্রে পূর্বাহ্ন ১০:০০ ঘটিকা থেকে ১১:০০ ঘটিকা পর্যন্ত অনুষ্ঠিত হবে :

কেন্দ্রের নাম
সিন্ধেশ্বরী গার্লস কলেজ, ১৪৮, নিউ বেইলী রোড, ঢাকা

পরীক্ষার্থীদের কক্ষ নম্বর ও আসন বিন্যাস সংশ্লিষ্ট পরীক্ষা কেন্দ্রের নোটিশ বোর্ড ও বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে আগামী ০৩.০৮.২০২৩ খ্রি. তারিখে প্রদর্শন করা হবে।

২। পরীক্ষার্থীগণের করণীয় :

তারিখ ও দিন	সময় (পূর্বাহ্ন)	পরীক্ষার্থীগণের করণীয়
০৫.০৮.২০২৩ খ্রি. শনিবার	০৯:০০	পরীক্ষার্থীগণ কর্তৃক কেন্দ্রের সংশ্লিষ্ট পরীক্ষা কক্ষে প্রবেশ।
	০৯:৪০	পরীক্ষার্থীগণকে এমসিকিউ (MCQ) উত্তরপত্র সরবরাহ করা হবে। পরীক্ষার্থীগণ নিয়মাবলি অনুযায়ী উত্তরপত্রের সংশ্লিষ্ট অংশ পূরণ করবেন।
	১০:০০	পরীক্ষার্থীগণকে প্রশ্নপত্র সরবরাহ করা হবে। পরীক্ষার্থীগণ নিজ নিজ উত্তরপত্রে প্রশ্নপত্রের সেট নম্বর লিখবেন এবং সংশ্লিষ্ট বৃত্ত ভরাট পূর্বক উত্তর প্রদান শুরু করবেন। সেট নম্বর না লিখলে ও সঠিকভাবে বৃত্ত ভরাট না করলে উত্তরপত্র বাতিল হবে।
	১০:১০	প্রত্যেক পরীক্ষার্থী হাজিরা তালিকায় স্বাক্ষর করবেন। তারা স্ব-স্ব টেবিলের উপর প্রবেশপত্র খুলে রাখবেন। এ সময় প্রবেশ পত্রের ছবির সঙ্গে পরীক্ষার্থীগণের হাজিরা তালিকার ছবি মিলিয়ে দেখা হবে।
	১০:৫০	পরীক্ষা সমাপ্ত হওয়ার সতর্কীকরণ ঘণ্টা বাজবে।
	১১:০০	সমাপনী ঘণ্টা বাজার সাথে সাথে পরীক্ষা শেষ হবে। পরীক্ষার্থীগণ স্ব-স্ব আসনে অবস্থান করবেন। পরিদর্শকগণ উত্তরপত্র গণনা করে বুঝে নেওয়ার পর পরীক্ষার্থীগণ নিজ নিজ আসন ও কক্ষ ত্যাগ করবেন।

৩। পরীক্ষা সংক্রান্ত নির্দেশাবলি :

- প্রিলিমিনারি পরীক্ষা MCQ পদ্ধতিতে গ্রহণ করা হবে। কালো কালির বল পেন দ্বারা OMR Sheet এর বৃত্ত ভরাট করতে হবে।
- পরীক্ষা কেন্দ্রে ব্যাগ, বই, ক্যালকুলেটর, ইলেকট্রনিক/হাতঘড়ি, মোবাইল ফোন এবং তথ্য আদান-প্রদানে ব্যবহারযোগ্য অন্য কোনো ধরনের ডিভাইস আনা সম্পূর্ণ নিষিদ্ধ। এই দফার নির্দেশনা অমান্য করলে সংশ্লিষ্ট পরীক্ষার্থীকে পরীক্ষায় অংশগ্রহণে বারিত করা হবে।
- পরীক্ষার্থীগণকে প্রবেশপত্রে উল্লিখিত নির্দেশাবলি মনোযোগ সহকারে পড়া ও যথাযথভাবে অনুসরণ করার পরামর্শ দেওয়া যাচ্ছে।
- প্রবেশপত্রের ছবির সঙ্গে হাজিরা তালিকার ছবির মিল না থাকলে সংশ্লিষ্ট পরীক্ষার্থীকে পরীক্ষায় অংশগ্রহণ করতে দেওয়া হবে না।
- পূর্বাহ্ন ১০:০০ ঘটিকার পর কোনো পরীক্ষার্থীকে কেন্দ্রে প্রবেশ করতে দেওয়া হবে না এবং পরীক্ষা শেষ না হওয়া পর্যন্ত কোনো পরীক্ষার্থীই পরীক্ষা হল/কক্ষ ত্যাগ করতে পারবেন না।
- পরিস্থিতি বিবেচনায় পরীক্ষার সময়সূচি বাতিল কিংবা পরিবর্তন করা হতে পারে। সেক্ষেত্রে পরিবর্তিত সূচি কিংবা নির্দেশনা বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

স্বাক্ষরিত  
(মুগী মোঃ মশিয়ার রহমান)  
রেজিস্ট্রার  
হাইকোর্ট বিভাগ  
বাংলাদেশ সুপ্রীম কোর্ট